

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজাজগল হোসেন মালিক মিয়া

## চট্টগ্রামে পাঁচ কওমি শিক্ষা বোর্ডের প্রতিনিধি ছাড়াই 'হাইয়াতুল উলইয়া'র বৈঠক অনুষ্ঠিত



১৪ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:

চট্টগ্রাম অফিস

পাঁচ কওমী শিক্ষা বোর্ডের প্রতিনিধি ছাড়াই অনুষ্ঠিত হলো আল-হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ (হাইয়াতুল উলইয়া)-এর বৈঠক। গত সোমবার হাটহাজারী মাদ্রাসায় হেফাজত আমীরের কার্যালয়ে ওই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে হাইয়াতুল উলইয়ার অন্তর্ভুক্ত বেফাকুল মাদারিসিল আরাবিয়া, ইত্তেহাতুল মাদারিসিল কওমিয়া, আয়াদ দীনি এদারা বোর্ড, তানজিমুল মাদারিসিল কওমিয়া, জাতীয় দীনি মাদ্রাসা শিক্ষা বোর্ডের কোনো প্রতিনিধি বৈঠকে অংশ নেননি বলে জানা গেছে। তাদের অনুপস্থিতির কারণ জানা যায়নি। বৈঠকে কওমী মাদ্রাসার অনুষ্ঠিতব্য দাওরা-হাদিসের পরীক্ষা নিয়ে ব্যাপক আলাপ-আলোচনা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক বেফাকের অন্তর্ভুক্ত এক আলেম জানান, কওমি মাদ্রাসার দাওরায়ে হাদিসকে মাস্টার্স (আরবি ও ইসলামিক স্টাডিজ) সম্মান দেওয়ার তথা সনদ পাওয়ার আগেই পাঁচ কওমী শিক্ষা বোর্ডের প্রতিনিধিদের অনুপস্থিতিতে বৈঠকের মধ্য দিয়ে হাইয়াতুল উলইয়া দ্বিবিভক্তির দিকে এগিয়ে গেল।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত